যুগান্তর

তারিখ ... 8 MAY 2003 ...
পৃষ্ঠা ... ২/৫

# শিক্ষার মানোন্নয়ন না করলে ১৩৯৪ শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিল

যুগান্তর রিপোর্ট

নিম্নমান হিসেবে চিহ্নিত দেশের ১ হাজার ৩৯৪টি শিক্ষা প্রতিষ্ঠান এক বছরের মধ্যে কাঙ্ক্ষিত মানে উন্নীত হতে না পারলে সেগুলোর এমপিও (শিক্ষকদের বেতন-ভাতার সরকারি অংশ) বাতিল করা হবে। শিক্ষা মন্ত্রণালয় এগুলোসহ প্রায় ৭ হাজার শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও কেন বাতিল করা হবে না এ মর্মে শোকজ নোটিশ প্রদানের সিদ্ধান্ত নিয়েছে।

জানা গেছে, এক বছরের সময়সীমা বেঁধে দিয়ে যেসব স্কুল-কলেজ ও মাদ্রাসাকে শোকজ করা হচ্ছে বিগত ২০০২ সালের এসএসসি, দাখিল, এইচএসসি, আলীম ও ডিগ্রি পরীক্ষায় এসব প্রতিষ্ঠানে পাসের হার শূন্য। বাকিগুলোর পাসের হার ১০ এর নিচে। নিম্নমানের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সারাবছর ক্লাস হয় না। পরীক্ষায় অংশ নেয় ভুয়া পরীক্ষার্থী এবং সেখানে ছাত্রের তুলনায় শিক্ষক বেশি। অথচ এসব শিক্ষকের এমপিও খাতে সরকারের কোটি কোটি টাকা খরচ হয়, যার কোন ফলাবর্তন নেই।

এ ব্যাপারে শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক বললেন, এমপিও খাতে সরকারের প্রতি বছর ১৮০০ কোটি টাকা ব্যয় হয়। যেসব প্রতিষ্ঠানের পাসের হার শূন্যের নিচে তাদের শিক্ষার মান উন্নত করতে হবে অথবা শাস্তি মেনে নিতে হবে। তবে পর্যায়ক্রমে সময় বেঁধে দিয়ে মানোন্নয়নে ব্যর্থ প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে এমপিও বন্ধের পদক্ষেপ নেয়া হবে।